

## বিজ্ঞপ্তি

### জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০১৬ এর জন্য আবেদনপত্র আহ্বান

নং-১৫.৫৯.০০০০.০০৪.২৩.০০১.১৭-

২০১৬

তারিখ: ০৭ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ।  
২৪ সেপ্টেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ

জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০১৬ প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছু সংশ্লিষ্ট প্রযোজকদের কাছ থেকে নিম্নোক্ত শর্তাবলির আলোকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

#### ১। শর্তাবলি:


- কেবল বাংলাদেশি নাগরিকগণ জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচিত হবেন;
- আজীবন সম্মাননা পুরস্কারের জন্য জীবিত ব্যক্তিদেরকে বিবেচনা করা হবে;
- যৌথ প্রযোজনায় নির্মিত চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচিত হবে। তবে যৌথ প্রযোজনা চলচ্চিত্রের বিদেশি শিল্পী এবং কলা-কুশলীগণ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না;
- জাতীয় চলচ্চিত্র পুরস্কারের বিবেচনাযোগ্য চলচ্চিত্রকে অবশ্যই বাংলাদেশ চলচ্চিত্র সেপার বোর্ডের সেপার সনদপত্র প্রাপ্ত এবং বিবেচ্য বছরে প্রেক্ষাগৃহে মুক্তিপ্রাপ্ত হতে হবে। স্বল্পদৈর্ঘ্য ও প্রামাণ্য চলচ্চিত্রের ক্ষেত্রে প্রেক্ষাগৃহে মুক্তির কোনো বাধ্যবাধকতা থাকবে না, তবে তা ২০১৬ সালে সেপার সনদপত্র প্রাপ্ত হতে হবে;
- পুরস্কারযোগ্য প্রতিটি শাখায় গুণগত ও শৈল্পিক মানে শ্রেষ্ঠত্বের ভিত্তিতে পুরস্কারের জন্য বিবেচনা করা হবে;
- দেশীয় প্রেক্ষাপট, পরিচালকের মৌলিকত্ব ও সৃজনশীলতার স্বাক্ষর বহনকারী চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচিত হবে;
- জুরি বোর্ডের বিবেচনার জন্য প্রতিটি নৃত্যের জন্য পৃথকভাবে নৃত্য পরিচালকের নাম উল্লেখ করতে হবে। একইভাবে প্রতিটি গানের জন্য পৃথকভাবে গায়ক, গায়িকা এবং সুরকারের নাম উল্লেখ করতে হবে;
- কাহিনির ক্ষেত্রে দেশি বা বিদেশি লেখক/প্রকাশক এর অনুমতি (কপিরাইট) নিয়ে নির্মিত চলচ্চিত্র জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচিত হবে;
- বিদেশি চলচ্চিত্রের কপিরাইট নিয়ে নির্মিত চলচ্চিত্র জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচিত হবে না; রিমেক (Remake) চলচ্চিত্রের কাহিনী পুরস্কারের জন্য বিবেচিত হবে না;
- জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য অংশগ্রহণকারী কোনো চলচ্চিত্রে সেপারবিহীন কোনো দৃশ্য সংযোজন এবং সেপারকৃত কোনো অংশ বিয়োজন করা হয়েছে বলে প্রমাণিত হলে সে চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচিত হবে না;
- সংশ্লিষ্ট চলচ্চিত্রের প্রধান প্রধান দৃশ্য/সংলাপ সম্বলিত বিষয়বস্তুর ওপর ৫ মিনিটের (কম/বেশি) একটি ডিভিডি মূল চলচ্চিত্রটির সাথে জমা দিতে হবে।

#### ২। পুরস্কারের ক্ষেত্রসমূহ :

০১	আজীবন সম্মাননা	০২	শ্রেষ্ঠ চলচ্চিত্র
০৩	শ্রেষ্ঠ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র	০৪	শ্রেষ্ঠ প্রামাণ্য চলচ্চিত্র
০৫	শ্রেষ্ঠ চলচ্চিত্র পরিচালক	০৬	শ্রেষ্ঠ অভিনেতা প্রধান চরিত্রে
০৭	শ্রেষ্ঠ অভিনেত্রী প্রধান চরিত্রে	০৮	শ্রেষ্ঠ অভিনেতা পার্শ্ব চরিত্রে
০৯	শ্রেষ্ঠ অভিনেত্রী পার্শ্ব চরিত্রে	১০	শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী খল চরিত্রে
১১	শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী কৌতুক চরিত্রে	১২	শ্রেষ্ঠ শিশু শিল্পী
১৩	শিশু শিল্পী শাখায় বিশেষ পুরস্কার	১৪	শ্রেষ্ঠ সঙ্গীত পরিচালক
১৫	শ্রেষ্ঠ নৃত্য পরিচালক	১৬	শ্রেষ্ঠ গায়ক
১৭	শ্রেষ্ঠ গায়িকা	১৮	শ্রেষ্ঠ গীতিকার
১৯	শ্রেষ্ঠ সুরকার	২০	শ্রেষ্ঠ কাহিনিকার
২১	শ্রেষ্ঠ চিত্রনাট্যকার	২২	শ্রেষ্ঠ সংলাপ রচয়িতা
২৩	শ্রেষ্ঠ সম্পাদক	২৪	শ্রেষ্ঠ শিল্প নির্দেশক
২৫	শ্রেষ্ঠ চিত্রগ্রাহক	২৬	শ্রেষ্ঠ শব্দগ্রাহক
২৭	শ্রেষ্ঠ পোশাক ও সাজ-সজ্জা	২৮	শ্রেষ্ঠ মেক-আপম্যান

- প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক প্রযোজকদেরকে নির্ধারিত ছকে আবেদন করতে হবে। আবেদনের ফরম/ছক বিনামূল্যে বাংলাদেশ চলচ্চিত্র সেপার বোর্ড কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে। আবেদনের ফরম সেপার বোর্ডের ওয়েবসাইট [www.bfcb.gov.bd](http://www.bfcb.gov.bd) থেকে ডাউনলোড করে ব্যবহার করা যাবে।
- প্রত্যেক আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট চলচ্চিত্রের যথাযথ মান সম্পন্ন প্রিন্ট/ডিভিডি জমা দিতে হবে। কোনো প্রিন্ট/ডিভিডি মানসম্মত না হলে তা বিবেচনা না করার ক্ষমতা জুরি বোর্ড সংরক্ষণ করে।
- চলচ্চিত্রের আবেদনপত্র ২৬-১০-২০১৭ তারিখ বৃহস্পতিবার বিকেল ৫:০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে।
- জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০১৬ সম্পর্কিত যে কোনো বিষয়ে জুরি বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

অংশগ্রহণকারী প্রযোজকগণকে তাঁদের নিজ নিজ চলচ্চিত্রের একটি উন্নতমানের প্রিন্ট/ডিভিডি এবং নির্ধারিত ছকে প্রযোজক, পরিচালক এবং সংশ্লিষ্ট শিল্পী ও কলা-কুশলীদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বরসহ জীবন বৃত্তান্ত, চলচ্চিত্রের কাহিনি সংক্ষেপ, গানের কথা ইত্যাদি প্রতিটির ১৫ (পনেরো) সেট ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেপার বোর্ড ও সদস্য-সচিব, জুরি বোর্ড, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৯), ৩৭/৩/এ ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০ এই ঠিকানায় নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছাতে হবে।

  
(মোঃ জাকির হোসেন) ২৪.০৯.১৭

ভাইস চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব)  
বাংলাদেশ চলচ্চিত্র সেপার বোর্ড